গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: *rcadmsn@gmail.com* website: *http://rc.gov.bd* / *http://rc.edu.bd*
online news portal: *http://rc.edu.bd/rcbarta* Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.৯০ ৩৬

তারিখ : ০১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে ২০২৪ খ্রি.

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: **১৪/০৫/২০২৪ তারিখ বিকাল ৪টা থেকে ২৭/০৫/২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত।**

২। **প্রার্থীদের জন্য জ্ঞাতব্য**

(ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions থেকে প্রাথমিক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করবে। পূরণকৃত আবেদনপত্র **$A_4$ (৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি)** সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিবে।

(খ) অনলাইনে প্রাথমিক আবেদনের জন্য *http://rc.gov.bd/admission-formfillup/* **লিংকের Preli to Masters Application বাটন প্রেস করে ধারাবাহিকভাবে Click Here > Admission Roll** দিয়ে **Next বাটন প্রেস করে মূল ফরমে যাওয়া যাবে। সেখানে প্রয়োজনীয় সকল তথ্য দিয়ে Submit বাটন প্রেস এবং ফি বাবদ** ৪০০/-(জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ৩০০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৫০.০০ + অনলাইন ব্যাংকিং, আইসিটি ও ব্যবস্থাপনা ফি ৫০.০০) **টাকা ১৭/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিচে উল্লেখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।** অতপর প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রটি **১৯/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে কলেজে জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।

৩। **ভর্তির আবেদনপদ্ধতি:**

**ধাপ-১:** প্রথমে রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *http://rc.gov.bd/admission-formfillup/* লিংকের Preli to Masters Application > Click Here বাটন প্রেস করে নির্দেশনা মোতাবেক Admission Roll নম্বর টাইপ করে Next বাটন চাপলে ভর্তির মূল ফরম উন্মুক্ত হবে।

**ধাপ-২:** উক্ত ফরমে শিক্ষার্থী নিজের পছন্দমতো একটি Password দিবে এবং সকল তথ্য সঠিকভাবে পুরণ করবে, নিজের পাসপোর্ট সাইজ ছবি (file size less than 50kb) আপলোড করে Submit করবে। এখানে শিক্ষার্থী একটি Reference ID পাবে। (পরবর্তী তথ্য যাচাই অথবা Pay Slip ও Admission Form ডাউনলোড এর জন্য Reference ID ও Password সংরক্ষন করে রাখতে হবে)

**(বিঃ দ্রঃ- Submit বাটন ক্লিক করে Admission Form ডাউনলোডের পর যদি প্রদত্ব তথ্যে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হয় তবে ফিস পরিশোধের পূর্বেই পুনরায় আবেদন করতে হবে।)**

**ধাপ-৩:** শিক্ষার্থী তার সকল তথ্য যাচাই করে এবং Rocket এর নিম্নে প্রদত্ব নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী টাকা প্রদান করবে। বিলার আইডি **304**-তে Preliminary to Masters Admission Roll রেফারেন্স নম্বর হিসাবে ব্যবহার করে টাকা পরিশোধ করবে।

**ধাপ-৪:** টাকা পরিশোধ সম্পূর্ণভাবে সফল হলে তথ্যযুক্ত পেজটি রিফ্রেশ করে অথবা (*http://rc.edu.bd/admission-form-fillup/*) লিংকের Preli to Masters Application > Click Here > Admission Roll দিয়ে Next বাটন চেপে Admission Confirmation Slip এবং Admission Form ডাউনলোড করতে হবে। Pay slip এবং Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি প্রিন্ট করে রাখতে হবে। **মনে রাখতে হবে আবেদনের তারিখ পার হয়ে গেলে Pay slip এবং Admission Form ডাউনলোড করা যাবে না।**

**(বিঃ দ্রঃ- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত Admission Roll এবং Admission Confirmation Slip এর Admission Roll নম্বরে গরমিল হলে পুনারায় আবেদন করা বাধ্যতামূলক।)**

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন। |
| ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেটের app পদ্ধতিতে কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

৩। আবেদনের যোগ্যতা

<table>
<tr><th>ক্রম নং</th><th>ভর্তিচ্ছু কোর্স ও বিষয়</th><th>কোর্সের মেয়াদকাল</th><th>ভর্তির ন্যূনতম যোগ্যতা</th></tr>
<tr><td>১</td><td><u>এম.এ</u><br>বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন, আরবী।</td><td rowspan="4">১ বছর</td><td rowspan="4"><u>জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরে পঠিত বিষয় হিসেবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।</u><br><br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।<br><br>জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।</td></tr>
<tr><td>২</td><td><u>এম.এস.এস</u><br>অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান</td></tr>
<tr><td>৩</td><td><u>এম.বি.এস</u><br>ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।</td></tr>
<tr><td>৪</td><td><u>এম.এসসি</u><br>গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান, ভূগোল, মনোবিজ্ঞান।</td></tr>
</table>

৪। Online এ আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| i) লগইন (Login) | আবেদনকারীকে নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preliminary) অপশনে ক্লিক করতে হবে এবং website -এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পাস ডিগ্রী পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, ব্যক্তিগত নিবন্ধিত মোবাইল নম্বর এবং ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-**মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।** |
| ii) সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী লিঙ্গ (Male/Female) প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে click to change অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটি কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| iii) কলেজ ও বিষয় পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে। উক্ত তালিকা থেকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধায় ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। **রাজশাহী কলেজ কোড-২৫০১** |
| iv) প্রযোজ্য ক্ষেত্রে কোটার আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি/ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম / পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তাদি আবেদন করতে পারবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে।** একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| v) আবেদন ফরমে ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে Upload করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image Type: jpg এবং Maximum file size: 50kb হতে হবে।<br>আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| vi) আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4(8.5"×11"] অফসেট সাদা কাগজে Print/ পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। |
| vii) সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমাদান ও ফি প্রদান | **আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীকে স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ /দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবে।**<br>**কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীই মেধা তালিকা প্রণয়ন করা হবে না। কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে, তার আবেদনে ফরম কলেজে কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।** |
| viii) আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant's Login (Master Preli.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |



৫। **ফলাফল ও মেধা তালিকা**

ক) প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) পর্যায়ে নিম্নরূপ হারে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরি করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

| **স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন** | **স্নাতক (পাস) পর্যায়ে সিজিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন** | **সর্বমোট নম্বর** |
|---|---|---|
| (প্রাপ্ত নম্বর / সর্বমোট নম্বর) × ১০০ | (প্রাপ্ত সিজিপিএ / মোট স্কেল) × ১০০ | ১০০ |

খ) একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।

**গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপ এর মাধ্যমে সম্পন্ন করা হবে।**

ঘ) আবেদনকারীরা SMS এর মাধ্যমে (nu<space>atmp<space>roll no টাইপ করে ১৬২২২ নম্বরে send করতে হবে) অথবা ভর্তি বিষয়ক website (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশন থেকে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে সরাসরি ফলাফল জানতে পারবে।

৬। **অনলাইন প্রাথমিক আবেদনপত্রের প্রিন্টকৃত কপি ও ফি জমা দেয়ার তারিখ ও সময়**

| **তারিখ** | **সময়** | **স্থান** |
|---|---|---|
| **১৯/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** | সকাল ১০ টা থেকে<br>বেলা ০২ টা পর্যন্ত | লাইব্রেরী পূর্ব বারান্দা |

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.২০৬৮(২৮)

তারিখ ঃ ০১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী
২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।
৫। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৭। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।